

নির্বাচনের আগে শিক্ষক নিয়োগ বন্ধ থাকবে

নিজস্ব প্রতিবেদক

০৯ ফেব্রুয়ারি ২০২৬, ১২:০০ এএম



বেসরকারি স্কুল-কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে প্রধান ও সহকারী প্রধান নিয়োগের জন্য গতকাল শিক্ষা মন্ত্রণালয় একটি বিশেষ কমিটি গঠন করেছে। এই কমিটি নিয়োগ পরীক্ষা গ্রহণ, মূল্যায়ন ও বাস্তবায়নের যাবতীয় কার্যক্রম তদারকি করবে। তবে সংসদ নির্বাচনের আগে নতুন নিয়োগ বন্ধ থাকবে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ সূত্রে জানা গেছে, কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করছেন বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসি) চেয়ারম্যান মো. আমিনুল ইসলাম। সদস্য সচিব হিসেবে রয়েছেন সংস্থার সদস্য সচিব (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) মুহাম্মদ নূরে আমল সিদ্দিকী। এ ছাড়া কমিটিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,

মান্দ্রাসা শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগের একজন করে প্রতিনিধি, জাতীয় বিশ্ববিদ্যালয় ও ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের একজন করে প্রতিনিধি রয়েছেন।

যদিও কমিটি গঠন সম্পন্ন হলেও শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন শিক্ষক নিয়োগ কার্যক্রম স্থগিত থাকবে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের একটি সূত্র জানায়, নির্বাচনকালীন সময়ে বিভাগের উল্লেখযোগ্য কর্মকর্তা দায়িত্ব পালন করবেন। তাই এখন খসড়া পরিপত্র পর্যালোচনা বা অনুমোদনের সুযোগ নেই।

এর আগে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এমপিওভুক্ত পদে শিক্ষক নিয়োগের নতুন পদ্ধতি প্রণয়ন করে খসড়া পরিপত্র পাঠ্যয়েছিল মন্ত্রণালয়ে। তাতে উল্লেখ করা হয়েছিল, সংশোধিত পদ্ধতি প্রাথমিকভাবে প্রণয়ন করা হয়ে গেছে এবং এটি বাস্তবায়নের জন্য অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

শিক্ষাসংশ্লিষ্টরা বলছেন, দীর্ঘদিন ধরে ঝুলে থাকা শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় প্রার্থীদের মধ্যে উদ্বেগ রয়েছে। নির্বাচনকালে এই প্রক্রিয়া স্থগিত থাকায় অনিশ্চয়তা আরও বাঢ়ছে।